



জুলাই যোদ্ধাদের দায়মুক্তি দিতে প্রস্তুত অধ্যাদেশ: আইন উপদেষ্টা



সংগৃহীত ছবি

জুলাই গণঅভ্যুত্থানে অংশ নেওয়া যোদ্ধাদের দায়মুক্তি নিশ্চিত করতে একটি অধ্যাদেশের খসড়া প্রস্তুত করেছে আইন মন্ত্রণালয়। শিগগিরই এটি অনুমোদনের জন্য উপদেষ্টা পরিষদের বৈঠকে তোলা হবে বলে জানিয়েছেন আইন, বিচার ও সংসদ বিষয়ক উপদেষ্টা ড. আসিফ নজরুল।

বৃহস্পতিবার বিকেলে নিজের ভেরিফায়েড ফেসবুক পেজে দেওয়া এক বিবৃতিতে তিনি বলেন, ফ্যাসিবাদী শাসনের বিরুদ্ধে জীবন বাজি রেখে লড়াই করা জুলাই যোদ্ধাদের আইনি সুরক্ষা দেওয়া রাষ্ট্রের নৈতিক ও সাংবিধানিক দায়িত্ব। গণঅভ্যুত্থানকালে স্বৈরশাসনের সহযোগীদের বিরুদ্ধে আত্মরক্ষামূলক প্রতিরোধে অংশ নেওয়ার কারণে তাদের দায়মুক্তির বিধান থাকা প্রয়োজন।

ড. আসিফ নজরুল আরও উল্লেখ করেন, এ ধরনের আইন প্রণয়ন আন্তর্জাতিকভাবে স্বীকৃত ও বৈধ। আরব বসন্তসহ বিভিন্ন দেশে গণঅভ্যুত্থানের পর জনবিরোধী সরকার পতনের প্রেক্ষাপটে অনুরূপ দায়মুক্তির আইন কার্যকর হয়েছে। বাংলাদেশের সংবিধানের ৪৬ অনুচ্ছেদেও এ ধরনের আইনের সুযোগ রয়েছে। পাশাপাশি ১৯৭৩ সালে মহান মুক্তিযুদ্ধের পর মুক্তিযোদ্ধাদের জন্য দায়মুক্তি আইন প্রণয়নের নজিরও রয়েছে।

এসব আইনগত ভিত্তি ও আন্তর্জাতিক উদাহরণ বিবেচনায় নিয়ে অধ্যাদেশের খসড়া তৈরি করা হয়েছে জানিয়ে তিনি বলেন, উপদেষ্টা পরিষদের আসন্ন বৈঠকে এটি অনুমোদনের জন্য উপস্থাপন করা হবে। জুলাইয়ের চেতনা ও অংশগ্রহণকারীদের নিরাপত্তা নিশ্চিত করাই সরকারের মূল লক্ষ্য।